আজকের কাগজ

তারিখ 15 NOV 1993
পৃষ্ঠা 2 কলাম

84

# বগুড়া সরকারি শাহ্ সুলতান কলেজে ছাত্রদল—ছাত্রলীগ সংঘর্ষ

গতকাল বগুড়া সরকারি শাহ্ সুলতান কলেজে জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগ (ম-ই) কর্মিদের মধ্যে ৩ ঘন্টাব্যাপী সংঘর্ষে ৬ জন আহত হয়েছে। পুলিশ এ ঘটনার পর ১ রাউন্ড গুলি ও পাইপগানসহ্ ছাত্রদল নেতা রাজা ও অধ্যক্ষের কক্ষ থেকে ছাত্রলীগ নেতা শফিকে গ্রেফতার করেছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, ছাত্রদলের সশস্ত্র কর্মিরা কলেজে একটি মিছিল বের করে ছাত্রলীগ কর্মিদের ধাওয়া করলে ছাত্রলীগ কর্মিরা নিরাপত্তার জন্যে কলেজের অধ্যক্ষের কক্ষে আশ্রয় নেয়। এ সময় ছাত্রদল কর্মিরা তাদেরকে বের করে দেবার, জন্যে কলেজ কর্তৃপক্ষকে চাপ দেয় ও ৩ ঘন্টাব্যাপী ৪০/৫০টি ককটেল বিস্ফোরণ ঘটায়। বগুড়া থেকে আরিফ রেহমান।